দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 FEB 2008
পৃষ্ঠা ১২ কলাম ৩

# সমৃদ্ধ দেশ গড়তে স্কাউটিংকে সামাজিক আন্দোলনে রূপ দিন ॥ ফখরুদ্দীন

প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ ভবিষ্যত প্রজন্মের জন্য একটি সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে স্কাউটিংকে সামাজিক আন্দোলনে পরিণত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। খবর বাসসর।

তিনি আশা প্রকাশ করেন; স্কাউট নেতৃবৃন্দ স্কাউটিংয়ের সার্বিক কর্মসূচীকে সময়োপযোগী এবং দেশের টেকসই আর্থ-সামাজিক উন্নয়নের সাদ সামঞ্জস্যপূর্ণ করতে সচেষ্ট থাকবেন।

প্রধান উপদেষ্টা আশা প্রকাশ করেন যে, বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যেতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কম্পিউটার, আন্তর্জাতিক প্রচলিত ভাষা শিক্ষাসহ জ্ঞান বিকাশের সর্বশেষ প্রায়োগিক কলা-কৌশল রপ্ত করার ওপর নেতৃবৃন্দ তাদের প্রচেষ্টা অব্যাহত রাখবেন।

ড. ফখরুদ্দীন প্রধান উপদেষ্টার কার্যালয়ে বাংলাদেশ স্কাউটস আয়োজিত শাপলা কাব এ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠানে ভাষণকালে এ কথা বলেন। ৮১ জন কাব স্কাউট এই পুরস্কার

(১১- পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## সমৃদ্ধ দেশ গড়তে

(১২-এর পাতার পর)

গ্রহণ করে।

বাংলাদেশ স্কাউটের চীফ ন্যাশনাল কমিশনার এম ফজলুর রহমান অনুষ্ঠানে বক্তৃতা করেন। এতে সভাপতিত্ব করেন স্কাউটস প্রেসিডেন্ট ড. শাহ মোহাম্মদ ফরিদ। স্বাগত বক্তৃতা দেন ন্যাশনাল কমিশনার (প্রোগ্রাম) আবুল কালাম আজাদ

ড. ফখরুদ্দীন বলেন, শিশু-কিশোর ও যুবকদের সৎ, চরিত্রবান, ন্যায়পরায়ণ, আত্মপ্রত্যয়ী ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে স্কাউট আন্দোলনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশ স্কাউটস এ ক্ষেত্রে বলিষ্ঠ অবদান রেখে চলেছে।

তিনি দেশের স্কাউটদের সংখ্যা বৃদ্ধির পাশাপাশি তাদের গুণগতমান ও দক্ষতা বৃদ্ধিতে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য স্কাউট নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানিয়ে বলেন, বাংলাদেশ স্কাউটসের বর্তমান সদস্য সংখ্যা ১০ লাখ, যা জনসংখ্যার অনুপাতে খুবই কম।

দেশের প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় স্কাউটসের নিরলস কর্মকাণ্ডের প্রশংসা করে প্রধান উপদেষ্টা বলেন, 'সিডর' উপদ্রুত এলাকাসহ বন্যা ও শীতার্ত দুর্গত মানুষের সেবায় স্কাউটদের কার্যক্রম সর্বমহলের প্রশংসা কুড়িয়েছে।

তিনি বলেন, বৃক্ষরোপণ, স্যানিটেশন, স্বাস্থ্য ও পরিবেশ সচেতনতা সৃষ্টিতে স্কাউটদের কর্মতৎপরতা এবং সরকার বিভিন্ন সংস্থার সঙ্গে সমাজে শান্তি রক্ষার কাজে তাদের ভূমিকা সবার দৃষ্টিগ্রাহ্য হচ্ছে। তিনি আশা প্রকাশ করেন,